

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৭


৫৫২

তারিখঃ ০৩ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ
২০ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ

অফিস আদেশ

স্বাস্থ্য অধিদপ্তর স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান, বিধায় জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগের সঙ্গে স্বাস্থ্য অধিদপ্তরের কাজের সমন্বয় থাকা অতি জরুরি। এ কারণে এ বিভাগের বিভিন্ন শাখা/অধিশাখা/দপ্তর হতে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরিত যেসব গুরুত্বপূর্ণ পত্রে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন বা কোন নির্দেশনা প্রয়োজন সেসব পত্র প্রেরণ এবং তার জবাব প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হওয়ায় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হল:

- (ক) স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখা/অধিশাখা/দপ্তরকে শুধু স্বাস্থ্য অধিদপ্তরের জন্য পৃথক একটি রেজিস্ট্রার ব্যবহার করতে হবে;
 - (খ) শাখা/অধিশাখার মূল ইস্যু রেজিস্ট্রার হতে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরিত যেসব গুরুত্বপূর্ণ পত্রে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন বা কোন নির্দেশনা প্রয়োজন সেসব পত্রের ইস্যু নম্বর সংগ্রহপূর্বক ইস্যু নম্বর ও বিষয় উক্ত রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে এবং পত্র প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;
 - (গ) প্রেরিত পত্রের আলোকে স্বাস্থ্য অধিদপ্তর হতে জবাব প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে এবং জবাব পাওয়া না গেলে প্রয়োজনে তাগিদপত্র প্রদান করতে হবে;
 - (ঘ) প্রতি মাসের সমন্বয় সভায় স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরিত ও আগত পত্র সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(শাহিনা খাতুন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫


admin1@hsd.gov.bd

নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৭-

তারিখঃ ০৩ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ
২০ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। লাইব্রেরিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



(শাহিনা খাতুন)

উপসচিব